# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 05 July, 2025

প্রথম ওয়ানডেতে ব্যাটিং ধসে ৭৭ রানে হেরে সিরিজে পিছিয়ে পড়েছে বাংলাদেশ।এক ম্যাচ হাতে রেখেই সিরিজ হার এড়াতে আজ দ্বিতীয় ওয়ানডেতে ঘুরে দাঁড়াতে হবে মেহেদী হাসান মিরাজের দলকে।কলম্বোর আর প্রেমাদাসা স্টেডিয়ামে ম্যাচটি শুরু হবে বাংলাদেশ সময় বিকেল ৩টায়।

প্রথম ম্যাচে ব্যাটিং ব্যর্থতার মূল প্রতীক ছিলেন ওপেনার লিটন দাস।চার বল খেলে শূন্য রানে ফেরেন এই উইকেটরক্ষক ব্যাটার।সাম্প্রতিক সময়ে ওয়ানডেতে তার ধারাবাহিক ব্যর্থতা দলকে ভাবিয়ে তুলেছে।তাছাড়া ম্যাচের আগের দিন অনুশীলনেও দেখা যায়নি লিটনকে।ধারণা করা হচ্ছে, দ্বিতীয় ওয়ানডের একাদশে তিনি জায়গা হারাতে যাচ্ছেন।

অপরদিকে, অসুস্থতা কাটিয়ে স্কোয়াডে ফিরছেন লেগস্পিনার রিশাদ হোসেন।আর বোলার তাসকিন আহমেদকে রাখা হতে পারে বিশ্রামে, ওয়ার্কলোড ম্যানেজমেন্টের অংশ হিসেবে।

সম্ভাব্য বাংলাদেশ একাদশ:

তানজিদ হাসান তামিম, পারভেজ হোসেন ইমন, নাজমুল হোসেন শান্ত, তাওহীদ হৃদয়, মেহেদী হাসান মিরাজ (অধিনায়ক), জাকের আলী অনিক (উইকেটরক্ষক), শামীম হোসেন পাটোয়ারী, তানজিম হাসান সাকিব, হাসান মাহমুদ, রিশাদ হোসেন, মুস্তাফিজুর রহমান

এই একাদশে বেশ কয়েকটি পরিবর্তনের সম্ভাবনা থাকলেও মূল লক্ষ্য একটাই– ব্যাটিং ব্যর্থতা পেছনে ফেলে সিরিজে সমতা ফেরানো।

প্রথম ওয়ানডের ফলাফলের পর দলের ব্যাটিং ইউনিট নিয়ে প্রশ্ন উঠেছে।মিডল অর্ডারে জাকের আলী ও শামীম পাটোয়ারীকে রেখে নতুন করে ভারসাম্য খোঁজার চেষ্টা করছে টিম ম্যানেজমেন্ট।সিরিজ বাঁচাতে আজ জয় ছাড়া ভিন্ন কিছু ভাবার সুযোগ নেই টাইগারদের।

মেহেদী হাসান মিরাজ লিটন দাস সিরিজ বাংলাদেশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 06:12

URL: https://timestodaybd.com/public/sports/4213775807